

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১২৫.১৯-০৫

তারিখঃ ০৮ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেরকঃ উপ-পরিচালক (কাবিখা-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ (১) জেলা প্রশাসক,

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা কর্মসূচির আওতায় নন-সোলার খাতে ২য় পর্যায়ে আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকায় খাদ্যশস্য (গম) বরাদ্দ।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৫/০১/২০১৯ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৮-১১১ নং মঞ্জুরী পত্রের আলোকে ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেটে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির খাত হতে আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকায় নিম্নবর্ণিতভাবে ও শর্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত নন-সোলার খাতে ২য় পর্যায়ে খাদ্যশস্য (গম) বরাদ্দ প্রদান করা হলো।


২। এই ব্যয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কোড এ ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির খাত হতে নির্বাহ করতে হবে।

ক্রমিক নং	আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকার নাম	২য় কিস্তিতে বরাদ্দকৃত খাদ্যশস্যের (গম) পরিমাণ
১.	রংপুর-৩	৮০.০০০ মেঃটন
২.	বরিশাল-৫	৮০.০০০ মেঃটন
৩	গাজীপুর-১	১৩২.৫০০ মেঃটন
৪	গাজীপুর-৫	১৩২.৫০০ মেঃটন
৫	সিলেট-১	৮০.০০০ মেঃটন
৬	চট্টগ্রাম-৪	৮০.০০০ মেঃটন
৭	চট্টগ্রাম-৫	১৩২.৫০০ মেঃটন
৮	চট্টগ্রাম-৮	১৩২.৫০০ মেঃটন
সর্বমোট ০৮টি আসন		৮৫০.০০০ মেঃটন

শর্তসমূহঃ-

- (১) ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প কাজ আগামী ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- (২) এ কর্মসূচির খাদ্যশস্য (গম) ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও কাবিখা নির্দেশিকা-২০১৪ এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৩) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই কাবিখা কর্মসূচির নির্দেশিকার ০৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা, প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, কর্মোত্তর জরিপের একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করতে হবে; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।
- (৫) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পূর্ণ না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরত নেয়াসহ তাদের বিরুদ্ধে দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৬) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।

অপর পাতা-২



- (৭) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- (৮) নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে ভালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।
- (৯) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনা।
- (১০) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে আপনার প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;
- (১১) বাস্তবায়িত প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ এবং নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে;

সৈয়দা মেহেরুন নেছা কবীর
(উপ-সচিব)

উপ-পরিচালক (কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩।

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১২৫.১৯-০৫

তারিখঃ

০৮ মার্চ, ১৪২৫ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা.....।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গলি রোড, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৪। পরিচালক(মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ৫। উপজেলা চেয়ারম্যান,.....জেলা-.....।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার,.....জেলা-.....।
- ৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক,.....।
- ৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,.....।
- ৯। উপজেলা খাদ্য কর্মকর্তা,.....জেলা-.....।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,.....জেলা-.....।
- ১১। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (বরাদ্দপত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সৈয়দা মেহেরুন নেছা কবীর
(উপ-সচিব)

উপ-পরিচালক (কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩।